Total No. of Printed Pages—4

**4 SEM FYUGP BNLC 4A**

**2026**

( May/June )

# BENGALI

( Core )

Paper : BNLC 4A

( ভাষার পরিচয় )

*Full Marks* : 60

*Time* : 2½ hours

*The figures in the margin indicate full marks for the questions.*

## প্রথম একক

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো দুটি) : ১×২=২

(ক) ভারতে আগত প্রাচীনতম ভাষাবংশ কোনটি?

(খ) দ্রাবিড়দের আদি বাসস্থান কোথায় ছিল?

(গ) অস্ট্রো-এশিয়াটিক ভাষাগোষ্ঠীর একটি ভাষার নাম লেখো।

২। টীকা লেখো (যে কোনো একটি) : ৪

(ক) অস্ট্রিক ভাষাগোষ্ঠী

(খ) ভোট-চীনীয় ভাষাগোষ্ঠী

৩। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৯

(ক) ভারতীয় আর্যভাষার উৎপত্তি ও ক্রমবিকাশ সম্পর্কে আলোচনা করো।

(খ) বাংলা ভাষায় দ্রাবিড় এবং অস্ট্রিক গোষ্ঠীর প্রভাব সম্পর্কে আলোচনা করো।

## দ্বিতীয় একক

৪। অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো দুটি) : ১×২=২

(ক) লিপির ক্রমবিকাশের স্তর কয়টি?

(খ) খরোষ্ঠী লিপির উৎস কোথায়?

(গ) বাংলা ভাষার আদি উৎস কী?

৫। সংক্ষেপে উত্তর দাও (যে কোনো একটি) : ৪

(ক) ব্রাহ্মী লিপির আঞ্চলিক রূপ কয়টি এবং কী কী?

(খ) 'ইন্দো-ইউরোপীয় বা মূল আর্য ভাষাবংশটি নানা কারণে সবচেয়ে গুরুত্বপূর্ণ।'—এর তিনটি কারণ উল্লেখ করো।





৬। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৯

(ক) বাংলা ভাষার উদ্ভব এবং ক্রমবিকাশ সম্পর্কে আলোচনা করো।

(খ) দেবনাগরী লিপি সম্পর্কে যা জানো লেখো।

## তৃতীয় একক

৭। অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো দুটি) : ১×২=২

(ক) কোন্ প্রাকৃত থেকে বাংলা ভাষার জন্ম?

(খ) কে প্রথম 'সাধুভাষা' শব্দটি প্রয়োগ করেন?

(গ) কলকাতা ও নদিয়ার শিক্ষিতজনের কথ্য বাংলাকে আদর্শ চলিত বাংলার রূপ হিসেবে কে দাবী করেছিলেন?

৮। সংক্ষেপে উত্তর দাও (যে কোনো একটি) : ৪

(ক) বাংলা সাধু গদ্যের বিকাশপর্বের পরিচয় দাও।

(খ) আদি-মধ্য বাংলার তিনটি বৈশিষ্ট্য উল্লেখ করো।

৯। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৯

(ক) দৃষ্টান্তসহ প্রাচীন বাংলা ভাষার সময়কাল তথা ভাষাগত বৈশিষ্ট্যগুলো আলোচনা করো।

(খ) 'বাংলা সাহিত্যের মাধ্যম হিসাবে এই দুই ধারার প্রতিষ্ঠার কাহিনী বিস্ময়কর'—এখানে কোন্ দুটি ধারার কথা উল্লেখ করা হয়েছে? এই দুই ধারার বৈশিষ্ট্যগত পার্থক্যগুলি আলোচনা করো।

## চতুর্থ একক

১০। অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো দুটি) : ১×২=২

(ক) ভাষা-সম্প্রদায় (Speech community) বলতে কী বোঝায়?

(খ) রাঢ়ী উপভাষা প্রচলিত যে কোনো একটি স্থানের নাম লেখো।

(গ) ঝাড়খণ্ডী উপভাষার একটি বৈশিষ্ট্যের উল্লেখ করো।

১১। সংক্ষেপে উত্তর দাও (যে কোনো একটি) : ৪

(ক) শ্রীহট্টীয় এবং চট্টগ্রামী উপভাষার তিনটি বৈশিষ্ট্য উল্লেখ করো।

(খ) ভাষাতাত্ত্বিক দৃষ্টিতে বাংলা উপভাষার শ্রেণিবিন্যাস ও অবস্থানের উল্লেখ করো।

১২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৯

(ক) ভৌগোলিক অবস্থান নির্দেশ করে বঙ্গালী উপভাষার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলো উল্লেখ করো।

(খ) পশ্চিমবঙ্গের উত্তরাংশে কোন্ উপভাষা প্রচলিত? সেই উপভাষার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলো আলোচনা করো।

★★★